

চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION


সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আছাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

প্রচার পত্র নং-৫৯/২০২২

তারিখঃ ১৩/১০/২০২২খ্রিঃ

সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, টার্মিনাল ম্যানেজার এর দপ্তর স্মারক নথি নং-টিএম/শিপিং/ডিজি কার্গো/২০২১/৩০৭৯, তারিখঃ ১৩/১০/২০২২খ্রিঃ সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।


মোঃ মিজানুর রহমান
সচিব

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

টার্মিনাল ম্যানেজার এর দপ্তর

নথি নং-টিএম/শিপিং/ডিজি কার্গো/২০২১/৩০৭৯

তারিখঃ ১৩/১০/২০২২ইং

বরাবর

সভাপতি

বাংলাদেশ শিপিং এজেন্টস্ এসোসিয়েশন

চেম্বার হাউস (৩য় তলা), ৩৮, আছাবাদ বা/এ,
চট্টগ্রাম।

বিষয়ঃ বিপজ্জনক পণ্য পরিবাহিত কন্টেইনারের বডিতে IMO Label (DG Sticker) থাকা এবং সঠিক ভাবে IMO এর Standard Packing এবং Palletize এর নির্দেশনা মেনে কন্টেইনারে মালামাল লোডিং পোর্ট থেকে বোঝাই করা প্রসঙ্গে।

সূত্রঃ	টিএম/শিপিং/ডিজি কার্গো/২০২১	তারিখঃ-১৯.০৫.২০২২ইং
	টিএম/শিপিং/ডিজি কার্গো/২০২১	তারিখঃ-১৭.০৬.২০২২ইং
	টিএম/শিপিং/ডিজি কার্গো/২০২১	তারিখঃ-২৭.০৭.২০২২ইং
	টিএম/শিপিং/ডিজি কার্গো/২০২১	তারিখঃ-০৫.০৯.২০২২ইং

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, International Maritime Organization এর বিধান অনুযায়ী সমুদ্রপথে বিপজ্জনক পণ্য পরিবাহিত কন্টেইনারের বডিতে IMO Label (DG Sticker) থাকা এবং সঠিক ভাবে IMO এর Standard Packing এবং Palletize এর নির্দেশনা মেনে কন্টেইনারে মালামাল লোড করার বাধ্যবাধকতা রয়েছে। এছাড়া বিপজ্জনক পণ্য পরিবাহিত কন্টেইনার সতর্কতার সাথে হ্যান্ডলিংয়ের জন্য কন্টেইনারের বডিতে IMO Label (DG Sticker) থাকা বাঞ্ছনীয়। ২১.০৯.২০২১ইং তারিখে চবক এর বোর্ডরুমে চেয়ারম্যান, চবক এর সভাপতিত্বে Port Security Advisory Committee (PSAC) অনুষ্ঠিত সভায় সমুদ্রপথে বিপজ্জনক পণ্য পরিবাহিত কন্টেইনারের বডিতে IMO Label (DG Sticker) থাকার এবং সঠিক ভাবে IMO এর Standard Packing এবং Palletize এর নির্দেশনা মেনে কন্টেইনারে মালামাল লোড করা, Damage/Defective কন্টেইনারে বিপজ্জনক পণ্য পরিবহন না করা এবং বিপজ্জনক পণ্য পরিবাহিত কন্টেইনার/ কার্গো দ্রুততম সময়ের মধ্যে বন্দর থেকে ডেলিভারী নেওয়ার নির্দেশনা প্রদান করা হয়েছে।

এমতাবস্থায়, বিপজ্জনক মালামাল পরিবাহিত কন্টেইনারের বডিতে IMO Label (DG Sticker) থাকা, সঠিক ভাবে IMO এর Standard Packing এবং Palletize এর অনুসরণ, Damage/Defective কন্টেইনারে বিপজ্জনক পণ্য পরিবহন এবং নির্ধারিত ইয়ার্ডে সংরক্ষণ ও দ্রুততম সময়ের মধ্যে বন্দর থেকে ডেলিভারী নেওয়ার বিষয়ে সংশ্লিষ্ট সকলকে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করার জন্য বলা গেল।

- লোডিং পোর্ট থেকে বিপজ্জনক পণ্য পরিবাহিত কন্টেইনারের বডিতে IMO Label (DG Sticker) লাগিয়ে কন্টেইনার জাহাজীকরণ করতে হবে।
- বিপজ্জনক পণ্য IMO এর নির্দেশনা মোতাবেক Standard Packing এবং Palletize করে কন্টেইনারে বোঝাই করতে হবে।
- টার্মিনাল অপারেটর ও বার্থ অপারেটরগণ বিপজ্জনক পণ্য পরিবাহিত কন্টেইনারের বডিতে IMO Label (DG Sticker) না থাকলে কন্টেইনার জাহাজ থেকে অবতরণের পূর্বে সংশ্লিষ্ট শিপিং এজেন্ট অন ডেকে বার্থ অপারেটর/টার্মিনাল অপারেটরের সহায়তায় IMO Label (DG Sticker) লাগিয়ে কন্টেইনার অবতরণ করাতে পারবে।

চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আছাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

(২)

- জাহাজ বার্থিং নেওয়ার ২৪ ঘন্টা আগেই সংশ্লিষ্ট শিপিং এজেন্ট/বিপজ্জনক পণ্য পরিবাহিত কন্টেইনারের অবতরণের প্রয়োজনীয় অনুমতি নিতে হবে।
- রপ্তানীকারক বিপজ্জনক পণ্য পরিবাহিত কন্টেইনার/ কার্গো লোড করার সময় যথাযথ ভাবে প্যাকিং, লেবেলিং এবং আইএমডিজি কোড অনুসারে কার্গো টেকনিক্যাল নেম অনুযায়ী মার্কিং ও আইএমডিজি স্টিকার লাগাতে হবে বিষয়টি সংশ্লিষ্ট শিপিং এজেন্ট তদারকী করবেন।
- বিপজ্জনক পণ্য পরিবাহিত কন্টেইনার ডেলিভারীর পর কন্টেইনারের গায়ে লাগানো সকল ধরনের ডিজি স্টিকার/লেবেল সহ কোন বিপজ্জনক পণ্যের অংশবিশেষ পড়ে থাকলে তা পরিষ্কার করে কন্টেইনার পুনঃ ব্যবহার যোগ্য করতে হবে বিষয়টি সংশ্লিষ্ট শিপিং এজেন্ট নিশ্চিত করবে।
- ডেমেজ/ক্ষতিগ্রস্ত কন্টেইনারে কোন বিপজ্জনক পণ্য পরিবহন করা যাবে না। এক্ষেত্রে নিয়মলঙ্ঘন ও নির্দেশনা না মানার কারণে কোন ক্ষয়- ক্ষতি এবং দূর্ঘটনা ঘটলে তার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট শিপিং এজেন্ট, ফ্রেইট ফরোয়ার্ডার্স, এমএলও, NVOCC এবং সংশ্লিষ্ট কনসাইনীরকে বহন করতে হবে।
- চট্টগ্রাম বন্দরে নিরাপদ কন্টেইনার ও কার্গো হ্যান্ডলিং নিশ্চিত করার নিমিত্তে ডিজি সংক্রান্ত আন্তর্জাতিক মেরিটাইম পর্যবেক্ষক সংস্থা (IMO) এর IMDG Code, DG কন্টেইনার ও কার্গো নিয়ন্ত্রন সংস্থা বাংলাদেশ নৌবাহিনীর সকল বিধি-বিধান, বাংলাদেশ বিস্ফোরক অধিদপ্তর ও সংশ্লিষ্ট সকল সংস্থার নিয়মকানুন প্রতিপালনের পাশাপাশি দ্রুততম সময়ের মধ্যে ডিজি কন্টেইনার/কার্গো বন্দর থেকে ডেলিভারী নেওয়ার ব্যবস্থা করতে হবে।
- IGM এ Dangerous Goods/Hazardous Goods সঠিক ঘোষণা দেওয়া না থাকলে এবং পরবর্তীতে এ পণ্য নিয়ে দূর্ঘটনা এবং জটিলতা সৃষ্টি হলে তার দায়-দায়িত্ব সম্পূর্ণরূপে IGM ঘোষণাকারী সংশ্লিষ্ট শিপিং এজেন্ট, ফ্রেইট ফরোয়ার্ডার্স, NVOCC এবং আমদানীকারক দায়ী থাকবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

স্বাঃ/-

টার্মিনাল ম্যানেজার
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ